আজকের কাগজ

তারিখ 04 FEB 1996
পৃষ্ঠা 7 কলাম 6

# উপাচার্যের হাতে শিক্ষক লাঞ্ছিত

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এমাজউদ্দীন আহমেদ জগন্নাথ হলের হাউস টিউটর ধীমান চৌধুরীকে লাঞ্ছিত করেছেন। উপাচার্য ধীমান চৌধুরীর প্রতি অশালীন মন্তব্য করেন ও এক পর্যায়ে তাকে রুম থেকে বের করে দেয়ার নির্দেশ দেন।

গতকাল শনিবার সকাল ১১টায় জগন্নাথ হলের প্রভোস্ট অধ্যাপক জগদীশ চন্দ্র শুক্লাদাস ও হলের সব হাউস টিউটর উপাচার্যের কক্ষে তার সঙ্গে বৈঠক করেন। বৈঠক চলাকালীন সময়ে উপাচার্য শিক্ষক সমিতির তীব্র সমালোচনা করে বলেন, সমিতির বর্তমান কার্যক্রম সংকীর্ণ ও দলীয় দৃষ্টিভঙ্গিতে পরিচালিত হচ্ছে। জগন্নাথ হলের হাউস টিউটর ধীমান চৌধুরী উপাচার্যের বক্তব্যের সঙ্গে দ্বিমত পোষণ করে শিক্ষক সমিতির পক্ষে যুক্তি দেখান। এক পর্যায়ে কোনো যুক্তি খুঁজে না পেয়ে উপাচার্য উত্তেজিত হয়ে ধীমান চৌধুরীকে 'বেয়াদব' বলেন। তিনি উপস্থিত অন্যান্য শিক্ষকদেরকে বলেন, ধীমান চৌধুরীকে তার অফিস কক্ষ থেকে বের করে দিতে।

এ ঘটনার পর ধীমান চৌধুরী উপাচার্যের রুম থেকে বের হয়ে আসেন। তিনি গতকাল সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি বরাবর উপাচার্য কর্তৃক লাঞ্ছিত হওয়ার বিষয়টি লিখিতভাবে জানান। এ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ডঃ আআমস আরেফিন সিদ্দিক বলেন, উপাচার্যের এ ধরনের আচরণ নিন্দনীয় ও দুর্ভাগ্যজনক। তিনি জানান, এ বিষয়টি শিক্ষক সমিতির কার্যনির্বাহী সভায় উপস্থাপন করে পরবর্তী সিদ্ধান্ত নেয়া হবে।